

রাজা
King



ছবি শুরুৰ পৰেৰ দিন থেকেই
আমরা তাকে ঝাপসা করে
ফেলছিলাম। নারীর আদলের
ওপর পুরুষ এসেছিলো কোন
মুক্তিকামিতায়? আমি ঠিক
আমার বাড়ীটার মতো।
*চেয়ে চেয়ে পথ তারি।
হিয়া মোর হয় ভারী।*

we were losing our sight
from the day the movie
began. for what free desire
did man merge into
woman's facials? I am
exactly like my house.
apprehensive and
crackprone. I weigh my
mind with cobblestones.

কথকের দ্রুতির ভেতরে পড়লে যা
হয়। ঘূর্ণনে পড়লে। আমাদের
চোখের ওপর পড়তে থাকে ফোঁটা।
রাজত্বের মতো। আমাকে না বেরতে
দিলে বিশৃঙ্খলাই চলবে। পরে অবশ্য
দর্শকেরা হাততালি দিতে শুরু করে।
ততক্ষণে তোমার জলছাপ পড়ে গেছে
আমার গোটা দিস্তায়।

the swift spins of *katthak*
engulf us. the drop begins
to fall like royalty on our
visions. confusion will
govern unless you let me
go. the audience later began
to applaud. by then your
watermark is on my entire
ream.

যেন ছুঁয়ে দেখা যায়। হাতের
মুঠোয় ধরিয়ে দেওয়া শহর।
পদচিহ্নের বেশে ভূমিপতন।
নাকি চালচিত্র বদল! ঋতুদের
মতো পুতুলনাচিয়ে। হাতে হাতে
প্রকৃতিচিত্রের সুতো বাঁধা।
নির্বাচন হোক মুক্ত ও নৈতিক।
এ খেলায় তো ছক্কা ছিলো না,
তবু কেন ভাগ্যবিধাতা!

you could almost touch it.
the city set into your hand.
landfall designed into
footsteps. against artifical
backdrops puppeteers of
seasons and landscapes on
strings. can elections be free
and fair? what business has
Fate in a diceless game?

If not with the “universe”
with the King now they roll
the dice. tampered and
sealed. what crimes remain
on the studio floor? obedient
speed and conduct. dance
my birdie till the last
coindrop! they will not
discuss the methods.

হয়তো ব্রহ্মাণ্ডের সঙ্গে নয়, রাজার
সাথে এই পাশা খেলা। রাজারই
পাশা। কত অপরাধ থেকে গড়া
এই স্টুডিওর মেঝে। বশংবদ গতি
ও ব্যবহার। নাচ মেরে বুলবুল তো
পয়সা মিলেগা। কিভাবে সেটা ওরা
বলবে না।

এখনো কি পড়ার ভান গেলো
না ? এই টীকারূপী
রাজ্যাভিযান ? বুঝলেনা পায়চারী
আর মেপে পা ফেলার তফাৎ ?
এখন অনেককিছু ঘটছে।
বর্জনের এখন আর কোন সুযোগ
নেই। এমনকি ফোকলার
ফাঁককেও সরানো যায়না।

is not time our pretended
lesson? conquest in the
disguise of anecdotes? in the
gap between distressed pacing
and cautious stepping
everything is going on.
rejection has no chance
anymore. even of toothless
closures.

পুটের একাংশ এই আড়াল। যাত্রা শেষে
বোডের মন্ত্রী হয়ে যাওয়ার এটাই একমাত্র
ব্যাখ্যা। কিন্তু কবিতা তো জানতাম
আলখান্নার শরীর ধারণ করে। আর
তাকে খুলে দেখায় ছুরিটা। বইটার নিজস্ব
কোন শব্দ নেই। আমাদের টোপ ছেড়ে
দিয়ে সে পরম ধৈর্যে অপেক্ষা করে। কখন
তেজপাতায় ধরা পড়বে শেষ রূপোলি
ফোঁটাটা। অস্থির শিল্পের পোশাক
ছাড়িয়ে ফেলা হবে টিকে দেবার ছলে।

a wooden veneer drives the
plot. the pawn becomes a
queen. but a poem that
embodies a cloak reveals its
dagger. the book has no
sound at all. it baits us and
patiently waits until the
bayleaf saves the last silver
drop. restless and stripped to
prepare for vaccination.

অন্তিম দিনের কথা আলোচনা হচ্ছে। এখন আমরা মন্দিরে মূর্তি। যাত্রার বাকি পথে তেমন কোন অঘটন ছিলো না। এক সাংস্কৃতিক ভূগোল বদল ছাড়া। অসাড দারুচিহ্ন ছাড়া। বস্তু গেছে বস্তু গেছে। মাঝমাঠের সলিটারি ডিম ফেটে বেরিয়ে এসেছে সদাবাহার নতুন লিখনভঙ্গি। এখন আমরা সবাই রাজা।

the final day is being discussed. we stand in the swept shrine. the rest of the walk was uneventful except for insensate woodcuts. aristocratic changes in native geography. the land is stripped. with lust cracking open the solitary egg mid-field. all the “king’s men” make king now.

tradition begins again. epilude
of a sunset blue. hot tea with
sugar cream. a time it is as titles
droll. a time of innocence.
retreating eloquence. princely
gold leaves of fallen trees. we
play a game of Kings and their
colonies. geometric muses. our
support cools without being
noticed. it is out of proportion.

শুরু হয়েছে নতুন ঐতিহ্য। অন্তরা বাজছে নীল
সুরেলা গোধূলিতে। সেই সময়। যখন আমরা
চিনি-দুধ দিয়ে গরম চা খেতে শিখছি। ছবি
শেষের নাম-শীর্ষক টলমল করার সেই সময়।
সরলতামাখা। পশ্চাদপসরণের কথকতায়
সাজানো। পতিত গাছের মোহরপাতার সেইসব
ঐশ্বর্য। কি দীর্ঘকাল জুড়ে আমরা খেলেছি এই
রাজা ও রাজত্বের খেলা। আর সুরে ভুল
হয়েছে যেমন, তেমনই পরিমাপে আয়তনে।
ইস্কাপনে। রুহিতনে।